

ঢাকা ওয়াসা

- ১) ২০২৫-২৬ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২) বাজার দরের কপি।
- ৩) প্রাক্কলন।

বিষয়: Purchase of Printer Toner Cartridge for MODS Zone-03, Dhaka WASA শীর্ষক কাজ অনুমোদন প্রসংগে।

১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র মডস জোন-৩ এর একটি HP Color LaserJet Printer (Model : Hp Color Laser Jet Pro M454dn) এবং HP Laser Jet Printer (Model : Hp Laser Jet 107a) রয়েছে। উক্ত প্রিন্টার দুটি দিয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ ড্রয়িং, বিভিন্ন অফিস হতে আগত ই-মেইল, ডি-নথির মাধ্যমে আগত বিভিন্ন চিঠিপত্র, রিপোর্ট ইত্যাদি প্রিন্ট দিতে হয়। HP Color LaserJet Printer এ Black, Cyon, Magenta ও Yellow এই চারটি কালার এর Toner ব্যবহৃত হয়। তন্মধ্যে Black Toner টির কালি শেষ হয়ে যাওয়াতে প্রিন্টারটি দ্বারা প্রিন্ট করা যাচ্ছে না। এছাড়া HP Laser Jet Printer (Model : Hp Laser Jet 107a) এর Toner টির কালি শেষ হয়ে যাওয়াতে প্রিন্টারটি ব্যবহার করা যাচ্ছেনা। ফলে দাপ্তরিক কাজে সমস্যা হচ্ছে। উক্ত প্রিন্টারটি বিশেষ ধরনের হওয়ায় কমন সার্ভিস বিভাগে এর Toner মজুদ নাই। তাই জরুরী ভিত্তিতে বর্ণিত প্রিন্টার দুইটির জন্য একটি HP 415A Black LaserJet Black এবং একটি HP 107A Black কালারের Toner Cartridge সংগ্রহ করা একান্ত প্রয়োজন।

২) উপরিউক্ত বর্ণনা মোতাবেক একটি HP 415A Black LaserJet Black এবং একটি HP 107A Black কালারের Toner Cartridge সংগ্রহের জন্য বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনে ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে মোট ৳২০,৮৪০.০০ (বিশ হাজার আটশত চল্লিশ) টাকা মাত্র। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “মুদ্রণ ও মনোহারী” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B.17(1) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

৩) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Purchase of Printer Toner Cartridge for MODS Zone-03, Dhaka WASA শীর্ষক কাজের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য ৳২০,৮৪০.০০ (বিশ হাজার আটশত চল্লিশ) টাকা মাত্র এর অনুমোদন;

খ) জনস্বার্থে কাজটি জরুরী বিবেচনায় পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “মুদ্রণ ও মনোহারী” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B.17(1) হতে নির্বাহ করার অনুমোদন।

বর্ণিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

Handwritten: 10/09/25
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা

Handwritten: 10.9.25
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা।

Handwritten: 11.9.25
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

Handwritten: SE, MODS/circle 3
10/09/25

Handwritten: মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

Handwritten: 29/09/2025
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

Handwritten: C/E